# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 19-07-2025** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) ধর্মতলায় ২১-শে জুলাই তৃণমূল কংগ্রেসের শহীদ সমাবেশে কলকাতা হাইকোর্টের শর্ত মেনে কলকাতা পুলিশ যান নিয়ন্ত্রণে একাধিক ব্যবস্থা নিয়েছে।

২) বিজেপি শাসিত অসমে বাংলা ভাষাভাষি মানুষকে হুমকি, ভিতি প্রদর্শন এবং সাংবিধানিক অধিকার লঙ্ঘনের শিকার হতে হচ্ছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন।

৩) পাটনার হাসপাতালে কুখ্যাত অপরাধী চন্দন মিশ্রকে গুলি করে খুনের অভিযোগে নিউটাউন থেকে গ্রেফতার পাঁচ।

৪) সংসদের বাদল অধিবেশনের আগে ইন্ডি জোটের দলগুলি আজ এক ভার্চুয়াল বৈঠকে মিলিত হয়েছে।

৫) উত্তর ২৪ পরগনার সন্দেশখালির ধামাখালিতে বহিষ্কৃত তৃণমূল কংগ্রেস নেতা শেখ শাজাহানের একটি হোটেল থেকে প্রায় ১০ কোটি টাকার জাল নোট উদ্ধার।

৬) মৌসুমী অক্ষরেখা এবং সক্রিয় মৌসুমী বায়ুর কারণে রাজ্যের বিভিন্ন জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনার কথা জানিয়েছে আবহাওয়া দফতর ।

oooooooooooooooooooooo

ধর্মতলায় ২১-শে জুলাই তৃণমূল কংগ্রেসের শহীদ সমাবেশে কলকাতা হাইকোর্ট একাধিক শর্ত আরোপ করার পর যান চলাচল নিয়ন্ত্রণে কলকাতা পুলিশ একাধিক ব্যবস্থা নিয়েছে। সেই মতো জারি হয়েছে বিজ্ঞপ্তি। পুলিশ কমিশনার মনোজ ভর্মা সহ পুলিশের শীর্ষ আধিকারিকরা আজ ধর্মতলায় সভামঞ্চ লাগোয়া এলাকা পরিদর্শন করেন। সিদ্ধান্ত নেওয়া হয়েছে, ধর্মতলার দিকে যে রাস্তাগুলি দিয়ে গাড়ি যাবে, সেখানে গাড়ি থামতে  দেওয়া হবে না। প্রয়োজনে বিকল্প রুট ব্যবহার করা হবে।

কোনও রাস্তায় যানজট তৈরি হলে ব্যবহার করতে হবে পাশের ছোট রাস্তা। সোমবার রাত ৩-টে থেকে সকাল ৮টা পর্যন্ত পণ্যবাহী গাড়ি শহরে ঢোকা নিষিদ্ধ।

তবে, মাছ, মাংস এবং অত্যাবশ্যক পণ্য চলাচল করতে পারবে।

যান নিয়ন্ত্রণ করা হবে আমহার্স্ট স্ট্রিট, বিধান সরণি,  কলেজ স্ট্রিট, ব্রাবোর্ন রোড,  বেন্টিঙ্ক স্ট্রিট,  স্ট্র্যান্ড রোড, বিবি গাঙ্গুলি স্ট্রিট, নিউ সিআইটি রোড, রবীন্দ্র সরণিতে।

মিছিলের কারণে সাধারণ মানুষ অসুবিধায় পড়লে কলকাতা পুলিশের তিনটি হেল্পলাইন নম্বরে যোগাযোগ করতে পারবেন বলে পুলিশ কমিশনার মনোজ ভার্মা জানিয়েছেন।

(বাইট – মনোজ ভর্মা)

oooooooooooooooooooooo

বিজেপি শাসিত অসমে বাংলা ভাষাভাষি মানুষকে হুমকি, ভিতি প্রদর্শন এবং সাংবিধানিক অধিকার লঙ্ঘনের শিকার হতে হচ্ছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন। আজ এক্স হ্যান্ডেলে এক বিবৃতিতে তিনি বলেন, দেশে দ্বিতীয় সর্বাধিক কথ্য ভাষা বাংলা অসমেও তাই। অথচ সেই ভাষার অধিকার রক্ষা করতে গিয়ে নাগরিকদের হুমকির মুখে পড়তে হচ্ছে। ভাষা ও পরিচয়ের সম্মান এবং

গণতান্ত্রিক অধিকারের জন্য যারা লড়াই করছেন, দল তাদের পাশে রয়েছে বলেও আশ্বাস দিয়েছেন মুখ্যমন্ত্রী।

ভাষার ভিত্তিতে বাঙালীদের হেনস্থার অভিযোগ তুলে অসম সরকারের ভূমিকার সমালোচনা করেছেন কংগ্রেস নেতা অধীর চৌধুরী।

এদিকে, অসমের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা বলেছেন, ভোট ব্যাঙ্কের জন্য তৃণমূল কংগ্রেস একটি ধর্মীয় সম্প্রদায়কে তোষণ করার পাশাপাশি অবৈধ দখলদারিত্বকে উৎসাহিত করছে।

oooooooooooooooooooooooo

পাটনার হাসপাতালে কুখ্যাত অপরাধী চন্দন মিশ্রকে গুলি করে খুনের অভিযোগে নিউটাউন থেকে পাঁচজনকে গ্রেফতার করেছে রাজ্য এবং বিহার পুলিশের STF। ঐ হত্যাকান্ডের পর আততায়ীরা নিউটাউনে একটি আবাসনে গা ঢাকা দেয়। নির্দিষ্ট খবরের ভিত্তিতে পুলিশ অভিযান চালায়। পালানোর চেষ্টা করলে তাড়া করে ২ জনকে ধরে ফেলে পুলিশ। আবাসন থেকে গ্রেফতার করা হয় তিন জনকে।

এদিকে, ধৃতদের জিজ্ঞাসাবাদ করে ওই আবাসন থেকেই আরও ৫ জনকে আটক করা হয়েছে। তাদের জিজ্ঞাসাবাদ চলছে। পুলিশের একটি দল আজ পুরুলিয়ায় গিয়ে ২ জনকে জিজ্ঞাসাবাদ করেছে।

উল্লেখ্য বৃহস্পতিবার রাতে পাঁচ দুষ্কৃতী পাটনার এক হাসপাতালে ঢুকে চন্দন মিশ্র নামে এক অপরাধীকে গুলি করে হত্যা করে।

বিহারের অপরাধীদের এরাজ্যে আশ্রয় নেওয়া নিয়ে ক্ষমতাসীন তৃণমূল কংগ্রেসের সমালোচনা করেছে বিজেপি। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেন, পশ্চিমবঙ্গে আইন শৃঙ্খলা ব্যবস্থা পুরোপুরি ভেঙে পড়েছে।

(বাইট)

রাজ্যের ভূমিকার সমালোচনা করেছেন কংগ্রেস নেতা অধীর চৌধুরী ।

(বাইট)

oooooooooooooooooooooo

পরিবেশগত দায়বদ্ধতা বজায় রেখে বালি উত্তোলনের লক্ষে রাজ্য সরকার পেশাদার সংস্থাগুলিকে কাজে লাগানোর উদ্যোগ নিচ্ছে। রাজ্যজুড়ে বিভিন্ন বালি খাদনে পরিবেশগত ও আইনী মানদন্ড মেনে চলা হচ্ছে কিনা তা খতিয়ে দেখতে এই সংস্থাগুলি কাজ করবে। পশ্চিমবঙ্গ খনিজ উন্নয়ন ও বাণিজ্য নিগম লিমিটেড সূত্রে জানা গেছে, এর জন্য ইতিমধ্যেই আগ্রহপত্র আহ্বান করা হয়েছে। বৈজ্ঞানিক পদ্ধতিতে এবং পরিবেশ বান্ধব উপায়ে বালি উত্তোলন ও বে-আইনী খাদানের কার্যকলাপ বন্ধে বাড়তি নজরদারি এবং আধুনিক প্রযুক্তির ওপর জোর দিচ্ছে রাজ্য সরকার।

oooooooooooooooooooooo

ট্রেনে কাটা পড়ে হাতি মৃত্যুর ঘটনা কিভাবে রোখা যায়, তা নিয়ে আজ রেল ও বন দফতরের আধিকারিকরা এক বৈঠক করেছেন। পশ্চিম মেদিনীপুরের হিজলিতে মুখ্য বনপালের দফতরে, মুখ্য বনপাল সন্দীপ সান্দ্রিয়ালের সভাপতিত্বে আয়োজিত এই বৈঠকে খড়গপুর ডিভিশনের ডিআরএম কে আর চৌধুরী, অতিরিক্ত ডি আর এম সহ উভয় পক্ষের আধিকারিকরা হাতি মৃত্যুর ঘটনা কিভাবে ঠেকানো যায়, তার জন্য একটি তাৎক্ষণিক এবং দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহণের ব্যাপারে আলোচনা করেন। বন দফতর এবং রেলের মধ্যে সমন্বয়সাধনের ওপরেও এই বৈঠকে জোর দেওয়া হয়েছে। বন্য প্রাণী সংরক্ষণ, যাত্রী নিরাপত্তা সহ অন্যান্য আরও বেশকিছু বিষয় নিয়ে তাদের মধ্যে আলোচনা হয়।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এমাসের ২৭ তারিখ আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৪-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে এমাসের ২৫ তারিখ পর্যন্ত মতামত জানানো যাবে।

oooooooooooooooooooooo

সংসদের বাদল অধিবেশনের আগে ইন্ডি জোটের দলগুলি আজ ভার্চুয়াল বৈঠকে বসেছে। অপারেশন সিন্দুর সহ নানা বিষয়ে বিজেপি নেতৃত্বাধীন সরকারকে চাপে ফেলার লক্ষ্যে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হবে বলে মনে করা হচ্ছে। তৃণমূল কংগ্রেসের পক্ষে সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় অনলাইন বৈঠকে যোগ দিতে পারেন বলে সূত্রের খবর।

বিরোধীদের ইন্ডি জোটের তীব্র সমালোচনা করেছেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার। আজ সাংবাদিকদের কাছে তিনি বলেন, ইন্ডি জোট ডুবন্ত নৌকার মতো। এক দল জানে না, অপর দল কার সঙ্গে যোগাযোগ রাখছে।

oooooooooooooooooooooo

উত্তর ২৪ পরগণার সন্দেশখালীর ধামাখালিতে বহিষ্কৃত তৃণমূল নেতা শেখ শাহজাহানের একটি হোটেল থেকে প্রায় ১০ কোটি টাকা উদ্ধার করেছে পুলিশ। এর বেশীরভাগই জাল নোট বলে জানা গেছে। নির্দিষ্ট খবরের ভিত্তিতে পুলিশ ধামাখালি ফেরিঘাট এর কাছে ঐ হোটেলের ২০৬ নম্বর রুম থেকে ডিমের কার্টনের মধ্যে রাখা এই টাকা উদ্ধার করে। এই ঘটনায় পুলিশ দেবব্রত চক্রবর্তী এবং সিরাজ উদ্দিন মোল্লা নামে দুজনকে গ্রেপ্তার করেছে। সকাল থেকে বিভিন্ন জায়গায় তল্লাশি চালাচ্ছে পুলিশ।

**টাকার অঙ্ক আরো বাড়তে পারে বলে দাবি পুলিশের। ঘটনার তদন্তে CID-র একটি দল সেখানে পৌঁছেছে। আজ ধৃত দু জনকে আদালতে তোলা হলে ১২ দিনের পুলিশ হেফাজত হয়।**

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ডিভিসি-র লাগাতার জল ছাড়া ও নতুন করে নিম্নচাপের পূর্বাভাসের প্রেক্ষিতে ফের জরুরি বৈঠক করলেন রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থ। নবান্নে আজ এই উচ্চপর্যায়ের বৈঠকে বসে। বীরভূম, মুর্শিদাবাদ, হুগলী, হাওড়া, দক্ষিণ ২৪ পরগনার জেলাশাসক ছাড়াও কৃষি দফতর, সেচ দফতর এবং বিপর্যয় মোকাবিলা দফতরের সচিবরাও বৈঠকে উপস্থিত ছিলেন। ডিভিসি-র ছাড়া জলে ইতিমধ্যেই একাধিক জেলার নিম্নাঞ্চল প্লাবিত। সেই সঙ্গে, ২৩ বা ২৪ জুলাই থেকে ফের নিম্নচাপ সৃষ্টি হতে পারে বলে সতর্ক করেছে আবহাওয়া দফতর। এই পরিস্থিতিতে কীভাবে দ্রুত ও সমন্বিত ব্যবস্থা নেওয়া হবে, তা নিয়েই জরুরি বৈঠক হয় মুখ্যসচিবের নেতৃত্বে।

জানা গেছে, আজ পাঞ্চেত থেকে প্রায় ৩০ হাজার কিউসেক ও মাইথন থেকে ৩৫ হাজার কিউসেক জল ছাড়া হয়েছে। আগামী দিনে আরও জল ছাড়া হতে পারে বলেও আশঙ্কা। ফলে নদী তীরবর্তী অঞ্চলে জল ঢোকার সম্ভাবনা প্রবল। এই পরিস্থিতিতে সংশ্লিষ্ট জেলা প্রশাসনগুলিকে কী কী প্রস্তুতি নিতে হবে, কোথায় কী ধরনের সতর্কতা জরুরি বৈঠকে তার স্পষ্ট দিকনির্দেশ দেওয়া হয়েছে বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে।

নিম্নচাপের জেরে নতুন করে বৃষ্টি হলে যাতে বিপর্যয় না বাড়ে, তার জন্য আগাম পরিকল্পনা, ত্রাণসামগ্রী মজুত, প্রয়োজনে বাসিন্দাদের নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে যাওয়ার প্রক্রিয়া এবং ব্লকস্তরে মনিটরিং এর নির্দেশ দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মৌসুমী অক্ষরেখা এবং সক্রিয় মৌসুমী বায়ুর কারণে রাজ্যের বিভিন্ন জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনার কথা জানিয়েছে আবহাওয়া দপ্তর। উত্তরবঙ্গের দার্জিলিং

জলপাইগুড়ি কালিম্পং এবং আলিপুরদুয়ার জেলায় আজ ভারী বৃষ্টির কমলা সর্তকতা জারি করা হয়েছে।

এদিকে,স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘের কারণে আজ দুপুরে কলকাতা ও সংলগ্ন এলাকায় ভারী বৃষ্টি হয়। হাওড়া এবং পূর্ব মেদিনীপুরে আজ বজ্র বিদ্যুৎ সহ ভারী বৃষ্টির সম্ভাবনা আছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী অন্বেষা ভট্টাচার্য আকাশবাণীকে জানিয়েছেন।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারতের সিপাহী বিদ্রোহের অন্যতম বীর সৈনিক মঙ্গল পান্ডের **১৯৯**-তম জন্মদিন উপলক্ষে আজ নানা অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। স্বৈরাচারী অপশাসনের বিরুদ্ধে সিপাহী বিদ্রোহের অন্যতম নায়ক মঙ্গল পান্ডে উত্তর ২৪ পরগনার ব্যারাকপুরে **১৮৫৭** সালে ব্রিটিশ বিরোধী অভ্যুত্থান নেতৃত্ব দেন। বিচারে তাঁর ফাঁসি হয়। রাজ্যপাল সি ভি আনন্দবোস মঙ্গলপান্ডের স্মৃতির প্রতি শ্রদ্ধা প্রদর্শন করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কবি, নাট্যকার, গীতিকার, সুরকার দ্বিজেন্দ্রলাল রায়ের **১৬৩**-তম জন্মদিবস উপলক্ষে নানা অনুষ্ঠানের মাধ্যমে তাঁকে শ্রদ্ধা জানানো হচ্ছে। বহুমুখী প্রতিভার অধিকারী দ্বিজেন্দ্রলাল অসংখ্য গান ও নাটক রচনা করেছিলেন। তাঁর লেখা দেশাত্মবোধক সংগীতগুলি এখনও বাঙালির হৃদয়াসনে বিরাজমান। নদীয়ার কৃষ্ণনগরের রবীন্দ্রভবনে জেলা তথ্য ও সংস্কৃতি দফতরের উদ্যোগে দ্বিজেন্দ্রলাল রায়ের জন্মদিবস পালিত হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

শিয়ালদা ডিভিশনের রানাঘাট স্টেশনে নন-ইন্টারলকিং-এর কাজের জন্য আজ রাত **১১**-টা থেকে আগামীকাল রাত **১১**-টা ৫৯ মিনিট পর্যন্ত স্বাভাবিক পরিষেবা ব্যাহত হবে। আগামীকাল রানাঘাট – শান্তিপুর-এর মধ্যে ৩ জোড়া ও রানাঘাট – কৃষ্ণনগরের মধ্যে ২ জোড়া EMU লোকাল বাতিল থাকবে।